

## তথ্য পত্র

### সিটির সরকারী ভবন ও অঞ্চলগুলিতে একক-লিঙ্গের সুবিধাগুলির বিষয়ে কার্যনির্বাহী আদেশ (Executive Order)

#### কী:

কার্যনির্বাহী আদেশ 16 অনুযায়ী সিটির সব সংস্থালিকে সুনিশ্চিত করতে হয় যে সিটির কর্মী ও জনসাধারণ তাদের লিঙ্গগত পরিচয় বা অভিব্যক্তির সাথে সম্ভূতিপূর্ণভাবে বাথরুম ও লকার রুমের মত একক-লিঙ্গের সুবিধাগুলিতে প্রবেশাধিকার পাবেন। প্রবেশ পেতে তাদের পরিচয়পত্র, চিকিৎসার নথিপত্র বা লিঙ্গের অন্য কোনো ধরনের প্রমাণ দিতে হবে না। 2002 এর পর থেকে নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইন (Human Rights Law) মানুষকে লিঙ্গগত পরিচয় ও অভিব্যক্তির ভিত্তিতে বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষা দিয়েছে।

কার্যনির্বাহী আদেশটি অনুযায়ী সিটির সংস্থালির যা করা আবশ্যিক:

- নতুন একক-লিঙ্গ সুবিধার নীতিটি (single-sex facility policy) তিন মাসের মধ্যে দৃষ্টি আকর্ষণকারী স্থানগুলিতে পোস্ট করতে হবে যাতে কর্মীবৃন্দ ও জনসাধারণ তা দেখতে পান;
- এক বছরের মধ্যে ম্যানেজারদের এবং দুই বছরের মধ্যে সম্মুখসারির কর্মীদের এই নীতির বিষয়ে প্রশিক্ষণ দিতে হবে;
- প্রশিক্ষণের আবশ্যিকতাগুলিকে অন্তর্ভুক্ত করার জন্য তিন মাসের মধ্যে নিয়োগের সমান সুযোগসুবিধা (Equal Employment Opportunity - EEO) পরিকল্পনাগুলিকে হালনাগাদ করতে হবে; এবং
- আজকের কার্যনির্বাহী আদেশ মান্য করার জন্য গৃহীত পদক্ষেপগুলিকে EEO রিপোর্টিং-এর আবশ্যিকতা অনুসারে শহরব্যাপী প্রশাসনিক পরিষেবা বিভাগ (Department of Citywide Administrative Services - DCAS) এর কাছে রিপোর্ট করতে হবে।

কার্যনির্বাহী আদেশটি মানবাধিকার বিষয়ক NYC কমিশন (NYC Commission on Human Rights) দ্বারা জারি করা সাম্প্রতিক আইনসম্মত বলবৎকরণের নির্দেশনাকে অনুসরণ করে, যা ব্যাখ্যা করে যে লিঙ্গগত পরিচয় বা অভিব্যক্তির ভিত্তিতে বাথরুম বা অন্যান্য একক-লিঙ্গের সুবিধাগুলিতে প্রবেশাধিকার দিতে অস্বীকার করলে তা NYC মানবাধিকার আইনকে (Human Rights Law) লংঘন করবে।

#### কে:

কার্যনির্বাহী আদেশটি এমন যে কোনো মানুষের ওপর প্রযোজ্য, যিনি নিউ ইয়র্ক সিটির মালিকানাধীন বা তার দ্বারা পরিচালিত ভবন বা অঞ্চলগুলি ব্যবহার করেন, শহরের কর্মীবৃন্দ এবং জনসাধারণও এর অন্তর্ভুক্ত।

#### কোথায়:

কার্যনির্বাহী আদেশটি সিটির মালিকানাধীন বা তার দ্বারা পরিচালিত সব সুবিধাগুলিতে প্রযোজ্য হয়, যার অন্তর্ভুক্ত হল সিটি সংস্থার অফিস, সর্বজনীন উদ্যান, পুল, খেলার মাঠ, কিছু নির্দিষ্ট সাংস্কৃতিক প্রতিষ্ঠান ও বিনোদন কেন্দ্র। এটা সিটির সংস্থালিকে নতুন সিঙ্গল-স্টল বাথরুম বা লকার রুম সুবিধা নির্মাণ বা স্থাপন করতে অথবা বিদ্যমান বাথরুম বা লকার রুম সুবিধাগুলিতে নতুন চিহ্ন তৈরি করতে বাধ্য করে না।

#### কেন:

লিঙ্গান্তরকামী মানুষ এবং লিঙ্গের অনুরূপ আচরণ করেন না এমন মানুষেরা অসমঞ্জসভাবে হয়রানি ও সহিংসতার শিকার হতে পারেন, বিশেষত যখন তারা বাথরুম ও অন্যান্য একক-লিঙ্গ সুবিধাগুলি ব্যবহার করতে চান। এই কার্যনির্বাহী আদেশটি নিউ ইয়র্ক সিটির মালিকানাধীন বা তার দ্বারা পরিচালিত ভবন বা স্থানগুলির একক-লিঙ্গের সুবিধাগুলিতে লিঙ্গান্তরকামী মানুষ এবং লিঙ্গের অনুরূপ আচরণ করেন না এমন মানুষদের নিরাপদ প্রবেশাধিকার সুনিশ্চিত করে এবং লিঙ্গান্তরকামী মানুষ এবং লিঙ্গের অনুরূপ আচরণ করেন না এমন মানুষদের অধিকার ও স্বাধীনতাকে সুরক্ষিত করার ক্ষেত্রে সমগ্র U.S. ব্যাপী শহর ও স্টেটগুলির জন্য একটি দৃষ্টান্ত স্থাপন করে।

#### কীভাবে:

কার্যনির্বাহী আদেশটি মেনে চলা সুনিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক সিটি মানবাধিকার কমিশন (Commission on Human Rights) এবং শহরব্যাপী প্রশাসনিক পরিষেবা বিভাগ (Department of Citywide Administrative Services - DCAS) সিটির সব সংস্থা এবং অন্যদের সঙ্গে কাজ করবে।